

সংবাদ প্রকাশের পর বেরোবিতে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন

বেরোবি সংবাদদাতা

প্রকাশিত: ২৩:০৪, ২২ জানুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

"পরীক্ষা না দিয়েও ছাত্রলীগ নেত্রীকে পাস করিয়ে দেওয়ার অভিযোগ" শিরোনামে দৈনিক জনকণ্ঠ অনলাইন পোর্টালে নিউজ প্রকাশের পর রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) প্রশাসন ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করেছে।

UNIBOTS

বুধবার (২২ জানুয়ারি) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী এই কমিটি গঠন করেন। বিষয়টি নিশ্চিত করেছেন জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগের অতিরিক্ত পরিচালক মোহাম্মদ আলী।

তদন্ত কমিটিতে ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ তানজিউল ইসলামকে আহবায়ক এ কমিটি গঠন করা হয়। অন্য সদস্যরা হলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর পরিচালক প্রফেসর ড. মোঃ ইলিয়াছ প্রামানিক, গণিত বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ হান্নান মিয়াকে সদস্য সচিব করা হয়েছে। উল্লেখ্য কমিটিকে অবিলম্বে প্রতিবেদন দেয়ার জন্য বলা হয়েছে।

প্রসঙ্গত, সুরাইয়া ইয়াসমিন ঐশী নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ এর বেরোবি শাখার সাংগঠনিক সম্পাদক। ক্যাম্পাসে ছাত্রলীগ এর বিভিন্ন কার্যক্রম এ প্রথম সারিতে ছিলো। গত ১৬ জুলাই শহীদ আবু সাঈদ হত্যার পর থেকেই পলাতক রয়েছেন। এদিকে ওই ছাত্রলীগ নেত্রীকে ছাড়াই গত ডিসেম্বর মাসের ১০ তারিখে গণিত বিভাগের মাস্টার্স ১ম সেমিস্টারের ৫১০২ কোর্সের মিডটার্ম পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু ফলাফল প্রকাশ হলে ঐশীরও ফলাফল আসে। এ নিয়ে বিভাগের ভিতরে ও বাইরে ব্যাপক সমালোচনা তৈরি হয়। এরপর বিশ্ববিদ্যালয় প্রশাসন তদন্ত কমিটি করে।
